



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
গণগ্রন্থাগার অধিদপ্তর
জেলা সরকারি গণগ্রন্থাগার
শায়েস্তা খাঁন রোড, নারায়ণগঞ্জ
Publiclibrary.narayanganj.gov.bd

উত্তম চৰার তালিকা

নং	বিষয়	বিবরণ
০১	সুসজ্জিত ও দৃষ্টিনন্দন গ্রন্থাগার প্রাঙ্গন তৈরি	গ্রন্থাগারের ভেতর ও চারপাশের পরিস্কার-পরিচ্ছন্নতা নির্ভর করে মনোভাব ও দৃষ্টিভঙ্গির ওপর যা আমাদেরকে গ্রন্থাগার প্রাঙ্গন পরিস্কার-পরিচ্ছন্ন রাখতে সহায়তা করে। গ্রন্থাগারের এমন কিছু স্থান রয়েছে যেমন- ওয়াশরুম, করিডোর, পাঠকক্ষ এবং পাঠকদের ব্যবহৃত চেয়ার, টেবিল, বুক শেলফ ইত্যাদি পরিস্কার পরিচ্ছন্ন রাখা অত্যাবশ্যক। বিভিন্ন স্থানে জমে থাকা শেওলা এবং ছত্রাক, গজিয়ে ওঠা ছেট-বড় আগাছা পরিস্কার করা। অফিসের নথি-পত্র সুসজ্জিতভাবে আলমারিতে রাখা। আসবাবপত্র ও বুক শেলফে জমে থাকা ধুলাবালি এবং মাকড়সার জাল পরিস্কার করা। প্রতি কর্মদিবসে ওয়াশরুম পরিস্কার করার কর্মসূচি বাস্তবায়ন করা হচ্ছে। ফলে ছোট ছোট নান্দনিক কর্মকাণ্ডে পাঠক ও সেবা প্রত্যাশীদের গ্রন্থাগার সম্পর্কে ইতিবাচক মনোভাব সৃষ্টি এবং জ্ঞান আহরণের স্পৃহা বৃদ্ধি পাচ্ছে।
০২	মত বিনিময় সভার আয়োজন	পাঠক/সেবা প্রত্যাশীদের সাথে নিয়মিতভাবে মতবিনিময় সভা আয়োজন করা হয়ে থাকে। বিদ্যমান সেবার মানোরয়ন বিষয়ে আলোচনার ফলে পাঠক/সেবা প্রত্যাশীদের সাথে আন্তরিকতা বৃদ্ধি পাচ্ছে।
০৩	গ্রন্থাগার ব্যবহারের নির্দেশিকা স্থাপন	সেবা গ্রহীতাদের সুবিধার্থে ভবনের প্রবেশমুখের দেয়ালে ডিজিটাল ব্যানারে গ্রন্থাগার ব্যবহারের নির্দেশিকা স্থাপন করা হয়েছে।
০৪	সেবা সহজীকরণ	সেবা সহজীকরণের নিমিত্তে অত্র গ্রন্থাগারের ওয়েবসাইটে সেবা সম্পর্কিত তথ্যসমূহ নিয়মিত হালনাগাদ করা হয়। প্রদত্ত সেবা সম্পর্কে সেবা গ্রহীতারা যে কোন স্থানে বসে ওয়েবসাইটে সেবা সম্পর্কে জানতে পারছে।
০৫	নিরাপত্তার নিশ্চিতকরণে সিসি ক্যামেরা স্থাপন	গ্রন্থাগার সামগ্ৰী ও পাঠকদের নিরাপত্তার জন্য অত্র কাৰ্যালয়ে ০৮ টি সিসি ক্যামেরা স্থাপন করা হয়েছে।
০৬	বিদ্যুৎ সাশ্রয়ী উদ্যোগ	অপ্রয়োজনীয় স্থানে ও সময়ে লাইট ও ফ্যানের ব্যবহার সঠিকভাবে হচ্ছে কি না তা দাপ্তরিকভাবে মনিটরিং এর ব্যবস্থা গ্রহণ করা হয়েছে। ফলে বিদ্যুৎ এর অপচয় রোধ করা সম্ভব হচ্ছে।
০৭	মতবিনিময়ের মাধ্যমে সর্বোত্তম সিদ্ধান্ত গ্রহণ / জরুরি বিষয়ে আলোচনা করে দুটু নিষ্পত্তিকরণ	কোনো জটিল বা গুরুত্বপূর্ণ বিষয়ে সিদ্ধান্ত গ্রহণের ক্ষেত্ৰে উৰ্ধতন কর্মকৰ্ত্তার মতামত গ্রহণ করে সর্বোত্তম সিদ্ধান্ত গ্রহণ করা হয়ে থাকে।
০৮	অভিযোগ বক্স স্থাপন	পাঠক/সেবা প্রত্যাশীদের বিভিন্ন অভিযোগ প্রদান করার জন্য দৃশ্যমান স্থানে অভিযোগ বক্স স্থাপন করা হয়েছে।

স্বীকৃত

(দেবাশীষ ভদ্র)
লাইব্ৰেরিয়ান
জেলা সরকারি গণগ্রন্থাগার, নারায়ণগঞ্জ
ফোন-০২-৭৬৪৮৬০৬
e-mail-govt.librarynarayanganj.gov.bd

